

প্রেস রিলিজ

তারিখ: ০৯ অক্টোবর ২০২৬

ইউজিসি সদস্য প্রফেসর ড. আব্দুল্লাহ আল-মামুনের বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্র
পরিদর্শন ও মতবিনিময় সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর রংপুর আঞ্চলিক কেন্দ্রে আজ শুক্রবার (৯ অক্টোবর ২০২৬) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) সম্মানিত সদস্য প্রফেসর ড. আব্দুল্লাহ আল-মামুনের সঙ্গে কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভার পূর্বে প্রধান অতিথি প্রফেসর ড. আব্দুল্লাহ আল-মামুন রংপুর আঞ্চলিক কেন্দ্রের অবকাঠামো ও শিক্ষার্থী সেবা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা ঘুরে দেখেন। পরিদর্শন শেষে আঞ্চলিক কেন্দ্রের হলরুমে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) দূরশিক্ষণের মাধ্যমে সারা দেশে শিক্ষার আলো ছড়িয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। রংপুর আঞ্চলিক কেন্দ্রের অবকাঠামো, প্রশাসনিক কার্যক্রম ও শিক্ষার্থীসেবার সার্বিক ব্যবস্থা পরিদর্শন করে আমি অত্যন্ত সন্তুষ্ট। বাউবির সবার জন্য কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে আপনাদের নিরলস প্রচেষ্টা প্রশংসনীয়। উত্তরাঞ্চলের মানুষের জন্য শিক্ষার সুযোগ ও সেবার মান আরও সম্প্রসারণ করা প্রয়োজন। আমি আশাবাদী, ভবিষ্যতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) ও বাউবির যৌথ উদ্যোগ ও সহযোগিতায় এ অঞ্চলের মানুষের কাছে উন্নত ও মানসম্মত শিক্ষা আরও সহজলভ্য হবে।”

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার টিএম আহমেদ হুসেইন। বিশেষ অতিথির বক্তব্যে ট্রেজারার বলেন, “রংপুর অঞ্চলের শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত শিক্ষার সুফল নিশ্চিত করতে আমাদের মানসম্মত সেবা অব্যাহত রাখতে হবে। সব বাধা অতিক্রম করে শিক্ষার্থীদের দোরগোড়ায় নিরবচ্ছিন্ন ও উন্নত সেবা পৌঁছে দেওয়াই বাউবির মূল লক্ষ্য”।

রংপুর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক মোঃ ওয়াহিদুজ্জামান আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন রংপুর আঞ্চলিক কেন্দ্রের (হিসাব) যুগ্ম পরিচালক মোঃ আজিজার রহমান। সভাপতির বক্তব্যে মোঃ ওয়াহিদুজ্জামান আহমেদ বলেন, “বাউবির মূল স্লোগান—‘সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা’ পৌঁছে দেওয়া। এই লক্ষ্য বাস্তবায়নে আমরা প্রতিটি মানুষের দোরগোড়ায় শিক্ষা সেবা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছি।” অনুষ্ঠানে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে রংপুর আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন ৮টি উপ-আঞ্চলিক কেন্দ্রের অবকাঠামোগত চিত্র ও সার্বিক তথ্য প্রধান অতিথির সামনে উপস্থাপন করা হয়। মতবিনিময় সভায় রংপুর আঞ্চলিক কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

যুগ্ম-পরিচালক

মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭